27 MAR 2016 ... কলাম ... 2

আমাদেরসময়

# ২০১৬ সাল থেকেই পিএসসি পরীক্ষা বন্ধের দাবি

নিজস্ব প্রতিবেদক ●
অভিভাবক ঐক্য ফোরামের সাধারণ সম্পাদক আতিকুর রহমান টুলু অভিযোগ করে বলেছেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা কোমলমতি শিশুদের ওপর অসহনীয় মানসিক চাপ সৃষ্টি করছে। তিনি বলেন, সরকার ২০১৮ সাল থেকে পিএসসি পরীক্ষা বন্ধের ঘোষণা দিয়েছে। সরকারের এই উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়। কিন্তু আমাদের দাবি হলো– ২০১৮ সাল নয়, ২০১৬ সাল (এ বছর) থেকেই এ পরীক্ষা বন্ধ করতে হবে। জাতীয় প্রেসক্লাবের সামনে গত শুক্রবার এক মানববন্ধনে তিনি এসব কথা বলেন। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ সাল থেকেই বাতিলসহ ৬ দফা দাবিতে অভিভাবক ঐক্য ফোরাম এ মানববন্ধর আয়োজন করে।

শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবকরাও চাপে থাকেন উল্লেখ করে আতিকুর রহমান টুলু বলেন, প্রাথমিক সমাপনী পরীক্ষার বোঝা কোমলমতি শিক্ষার্থীদের প্রচণ্ড মানসিক চাপে রাখে। এতে শিক্ষার্থীদের সৃজনশীলতা হুমকির মুখে পড়েছে। কোমলমতি এই শিশুদের ভবিষ্যৎ চিন্তায় অভিভাবকরাও সবসময় বাড়তি চিন্তায় থাকেন। তাই অবিলম্বে এ পরীক্ষা বন্ধ করতে হবে।

তিনি আরও বলেন, জিপিএ-৫ এর মুলা ঝুলিয়ে শিশুদের এই বাড়তি পড়ার চাপে ফেলা হয়েছে। স্কুল ও কোচিংয়ে দেওয়া বাড়ির কাজ শেষ করাতে বাচ্চাদের রাত ১২টা পর্যন্ত লেখাপড়া করাতে বাধ্য হচ্ছেন

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫